গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
"শেখ রাসেল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, সিলেট স্থাপন (১ম সংশোধিত)" প্রকল্প।
বিটিএমসি ভবন (১২ তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

নং-২৪.০২.০০০০.০০৫.১১.০০২.১৮/৮৭৫

তারিখ: ১২ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ:। ২৫ এপ্রিল ২০২২ খ্রিঃ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধিনস্থ বস্ত্র অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "শেখ রাসেল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ,সিলেট স্থাপন (১ম সংশোধিত)" প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন ইউনিট PIU (Project implementation Unit) এর জন্য কেবলমাত্র প্রকল্পের মেয়াদকালের জন্য অর্থ বিভাগ হতে জারিকৃত জাতীয় বেতন স্কেল,২০১৫ অনুযায়ী সাকুল্য (Consolidated) বেতনে নিম্নবর্ণিত পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম ও গ্রেড | সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | হিসাব রক্ষক,গ্রেড-১৩ | ০১টি | অনধিক ৩০ বছর | বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী |
| ০২ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, গ্রেড-১৬ | ০১টি | অনধিক ৩০ বছর | এইচ.এস.সি/সমমান এবং কম্পিউটারে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। |

ক) শর্তাবলী:

(১) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ০১ (এক) পাতার ফরমে স্বহস্তে লিখিত আবেদন করতে হবে। এই নিয়োগ বিজ্ঞপ্তিসহ উক্ত ফরমটি বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইট www.dot.gov.bd হতে ডাউনলোড করা যাবে।

(২) এক জন প্রার্থী যে কোন একটি পদে আবেদন করতে পারবে। আবেদনপত্র প্রকল্প পরিচালক, "শেখ রাসেল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ,সিলেট স্থাপন (১ম সংশোধিত)" প্রকল্প ,বিটিএমসি ভবন (১২ তলা), ৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর আবেদন করতে হবে এবং সকল দরখাস্ত আগামী ২৫/০৫/২০২২ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে পৌছাতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

(৩) দরখাস্তের সাথে শুধমাত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নামাঙ্কিত সীলসহ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি রঙ্গিন ছবি আঁঠা দিয়ে লাগিয়ে দিতে হবে এবং দুই কপি ছবি স্ট্যাপলার দিয়ে লাগিয়ে দিতে হবে।

(৪) আবেদনের সাথে প্রকল্প পরিচালক, "শেখ রাসেল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ,সিলেট স্থাপন (১ম সংশোধিত)" প্রকল্প এর নামে ১০০/-টাকার পোস্টাল অর্ডার (অফেরত যোগ্য) দাখিল করতে হবে।

(৫) আগামী ২৫/০৫/২০২২ খ্রি: তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধদের নাতি-নাতনির ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর।

(৬) সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদন করতে হবে। অনুমতির কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

(৭) প্রচলিত বিধি অনুযায়ী নিয়োগের ক্ষেত্রে কোটা নীতি (প্রযোজ্য হলে) অনুসরণ করা হবে।

(৮) খামের উপর প্রকল্পের নাম ও পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে এবং আবেদন পত্রের সাথে ১০ টাকার ডাকটিকিটসহ ফেরত খাম পাঠাতে হবে।

(৯) অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং- ০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০-১৫, তারিখ: ১৪.০১.২০১৬ খ্রি: এর (ক) এর আলোকে বেতন-ভাতাদি প্রদান করা হবে।

(১০) লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার ভ্রমণভাতা বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

(১১) এই নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে আবেদনপত্র গ্রহণ বা বাতিল, নিয়োগ প্রদান করা/না করা বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(১২) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই বিজ্ঞপ্তি জারী করা হলো।

২৫/০৪/২০২২

(নিরঞ্জন কুমার দেবনাথ)
প্রকল্প পরিচালক
"শেখ রাসেল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ,
সিলেট স্থাপন (১ম সংশোধিত)" প্রকল্প।
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
ফোন: ০২-৫৫০১১৯৭২